সংবাদ

তারিখ ... 19 OCT 2012 ...
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ১

# বাকৃবির ৯ শিক্ষার্থীর বহিষ্কারাদেশ স্থগিত

● ছাত্রী নির্যাতনের বিষয়ে তদন্ত কমিটি গঠন

সংবাদদাতা, বাকৃবি

গত ৯ অক্টোবর বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) বর্ধিত ফি প্রত্যাহারের দাবিতে প্রগতিশীল ছাত্রজোটের ব্যানারে আন্দোলনরত বাকৃবি শাখা সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের ওপর ছাত্রলীগের হামলার সময় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. এমএ সালাম এক ছাত্রীকে ঘুষি মেরেছেন বিষয়টি ছবিসহ জাতীয় দৈনিকে প্রকাশিত হওয়ার পর শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে গত বুধবার রাতে ৩ সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন। এদিকে বাকৃবি শাখা নেতাকর্মীদের বহিষ্কারাদেশ কেন অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে গতকাল রুল জারি করেছে হাইকোর্ট। এবং ১৫ নভেম্বর পর্যন্ত বহিষ্কারাদেশ স্থগিত করেছেন আদালত।

সংশ্লিষ্ট সূত্র জানায়, ৯ অক্টোবর বাকৃবিতে বর্ধিত ফি প্রত্যাহারের দাবিতে আন্দোলনরত বাকৃবি শাখা সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের ওপর ছাত্রলীগের হামলার সময় কোন একপর্যায়ে প্রশাসনিক কর্মকর্তা মাসাদুল হাসান কর্তৃক আন্দোলনরত এক ছাত্রীকে ঘুষি মারার পরপরই ওই ছাত্রীকেই আবার ঘুষি মারেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর। এ বিষয়টি ছবিসহ একটি জাতীয় দৈনিকে প্রকাশিত হওয়ার পর শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে গত বুধবার রাতে তিন সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন। বাকৃবির কৃষিতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. আবদুর রহমান সরকারকে প্রধান করে গঠিত তিন সদস্যবিশিষ্ট ওই তদন্ত কমিটিতে অ্যাকুয়াকালচার বিভাগের অধ্যাপক ড. মনোরঞ্জন দাস সদস্য ও ফসল উদ্ভিদ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. আলমগীর হোসেন সদস্য সচিবের দায়িত্ব পালন

বহিষ্কারাদেশ : পৃষ্ঠা : ২ ক : ৭

## বহিষ্কারাদেশ : স্থগিত

(১৬ পৃষ্ঠার পর)

করছেন। কমিটিকে আগামী তিন কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।

এদিকে বাকৃবি শাখা সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের নেতাকর্মীদের বহিষ্কারাদেশ কেন অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে গতকাল রুল জারি করেছে হাইকোর্ট। এ প্রসঙ্গে বাকৃবি শাখা সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সাধারণ সম্পাদক কিশোর আহমেদ জানান, আমাদের নেতাকর্মীদের বহিষ্কারাদেশ কেন অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে গতকাল রুল জারি করেছে হাইকোর্ট। ১৫ নভেম্বরের মধ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে এর জবাব দিতে বলা হয়েছে। এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বৃহস্পতিবার বিচারপতি বজলুর রহমান ছানা ও রুহুল কুদ্দুস বাবুর সমন্বয়ে গঠিত হাইকোর্টের দ্বৈত বেঞ্চ ওই রুল জারি করেন।